

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৪ তারিখঃ ২৬ জুলাই ২০১৭ বুধবার

সর্বশেষ পরিস্থিতি

- ৯ এপ্রিল হতে ২৬ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৩০ জন।
- আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২৬/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২৬/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১০	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	১৯	৬
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৩	৫
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
সর্বমোট	১৩১	৪০**

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের অনেকেই ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৬ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২৪৩৪টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ১৯৫০ জন। সম্ভাব্য নতুন রোগী ৮৫৩ জন ও পুরোনো রোগী ১০৯৭ জন। অবশিষ্ট

ফোনকলকারীগণ তথ্য জানতে চেয়েছেন। নতুন রোগীদের জ্বর, গিরা ব্যথা এবং/অথবা গায়ের চামড়া লালচে। পুরোনো রোগীদের জ্বর নেই, তবে গিরা ব্যথা আছে।

চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে “স্বাস্থ্য বাতায়ন” এর সাথে বৈঠক

“স্বাস্থ্য বাতায়ন” কল সেন্টার (১৬২৬৩) এর মাধ্যমে বিভিন্ন ধরনের স্বাস্থ্য সেবা দিয়ে থাকে। “স্বাস্থ্য বাতায়ন” এ কর্মরতদের চিকুনগুনিয়ার সেবা প্রদানের উপর একটি প্রশিক্ষণ গত ২৫ জুলাই ২০১৭ আইইডিসিআর -এ দেয়া হয়। প্রশিক্ষণার্থীগণ যাতে সঠিকভাবে ন্যাশনাল গাইডলাইন মেনে চিকুনগুনিয়ায় আক্রান্তদের সেবা প্রদান করতে পারেন সে উদ্দেশ্যে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

“আর্থ্রালজিয়া ক্লিনিক”

চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীদের অন্যতম মূল সমস্যা গিরায় ব্যাথা বা ফুলে যাওয়া। এর ফলে রোগীরা অত্যন্ত চিন্তিত থাকেন এবং এর সমাধানের জন্য বিভিন্ন ধরনের চিকিৎসকের শরণাপন্ন হন। এই বিভ্রান্তি দূর করারসহ এর সঠিক চিকিৎসার লক্ষ্যে গত ০৫ জুলাই স্বাস্থ্য অধিদপ্তর থেকে সারাদেশের সকল জেলা ও উপজেলার সরকারী হাসপাতালে এবং সরকারী মেডিকেল কলেজ হাসপাতালে “হেল্প ডেস্ক” ও “আর্থ্রালজিয়া ক্লিনিক” খোলা হয়। চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীদের এসব জায়গায় বিশেষজ্ঞ চিকিৎসকদের দ্বারা চিকিৎসা সেবা পেতে পারেন। উল্লেখ্য যে, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ৪২৪ ও ৫৩০ নং কক্ষে সপ্তাহের শনিবার থেকে বৃহস্পতিবার “আর্থ্রালজিয়া ক্লিনিক” চালু রয়েছে। হাসপাতালটির “হেল্প ডেস্ক” এ যোগাযোগ করলে উক্ত সেবা পাওয়ার জন্য সহায়তা করা হচ্ছে।



“আর্থ্রালজিয়া ক্লিনিক” ও “হেল্প ডেস্ক” -এ আসুন চিকুনগুনিয়ার সঠিক চিকিৎসা গ্রহণ করুন

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।